



# Advocates for Children of New York

Protecting every child's right to learn

## নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলোতে অনুবাদ ও দোভাষীর পরিষেবা

নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলোতে, যে সমস্ত পিতামাতা ইংরেজি বলেন না তারা তাদের শিশুদের শিক্ষায় অংশগ্রহণ করতে ও শিক্ষা বিভাগের (Department of Education (DOE)) অন্যান্য অফিস ও তাদের স্কুল কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগের জন্য বিনামূল্যে অনুবাদ ও দোভাষীর পরিষেবা পাওয়ার অধিকার আছে। পিতামাতাদের তাদের সন্তানদের স্কুল রেকর্ড ও অন্যান্য গুরুত্বপূর্ণ নথি তাদের মাতৃভাষায় পাওয়ার অধিকার আছে এবং এছাড়াও স্কুল ও DOE কর্মীর সঙ্গে সভার সময় দোভাষী পরিষেবা পাওয়ার অধিকার আছে।

### কাদের অনুবাদ ও দোভাষীর পরিষেবা পাওয়ার অধিকার আছে?

যে সমস্ত পিতামাতাদের মাতৃভাষা ইংরেজি নয় তাদের বিনামূল্যে অনুবাদ ও দোভাষীর পরিষেবা পাওয়ার অধিকার আছে। যে পিতামাতা অনুবাদ ও দোভাষী পরিষেবার অনুরোধ করেছে তাকে ইংরেজি ভাষা শিক্ষার ছাত্র (ELL) হিসেবে পরিচিত হতে হবে না।

পিতামাতাদের কখনই তাদের নিজস্ব দোভাষীর জন্য বলা হবে না এবং শিশুদেরকে কখনই তাদের পিতামাতাদের জন্য অনুবাদ ও ব্যাখ্যা করতে বলা হবে না।

### কোন ভাষায় পরিষেবাটি উপলব্ধ?

ইংরেজি ছাড়া যে নয়টি প্রচলিত ভাষায় অনুবাদ ও দোভাষী পরিষেবা উপলভ্য থাকা আবশ্যিক- আরবি, বাংলা, চাইনিজ, ফ্রেঞ্চ, হাইতিয়ান ফ্রেঞ্চ, কোরিয়ান, রাশিয়ান, স্প্যানিশ এবং উর্দু। যদিও অন্য ভাষাভাষী সহ সমস্ত পিতামাতারা তাদের মাতৃ ভাষায় অনুবাদ ও দোভাষীর পরিষেবা চাইতে পারেন।

### কখন DOE কে অনুবাদ পরিষেবা প্রদানের প্রয়োজন হয়?

DOE-কে অবশ্যই আপনার শিশুর শিক্ষা সংক্রান্ত সমস্ত গুরুত্বপূর্ণ তথ্য সময়ে প্রদান করত হবে। এর মধ্যে রয়েছে:

- সাধারণ বিজ্ঞপ্তি, যেমন অভিভাবক সন্মোলন, শিক্ষার্থী ও পিতামাতার হ্যান্ডবুক এবং স্কুলের আবেদন ফর্ম
- আপনার শিশু সম্পর্কে নথি, যেমন রিপোর্ট কার্ড এবং ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEPs)

### কখন DOE কে দোভাষী পরিষেবা প্রদানের প্রয়োজন হয়?

DOE-কে অবশ্যই দোভাষী পরিষেবা প্রদান করতে হবে যাতে আপনি স্কুলের কর্মী এবং DOE কর্মীর সঙ্গে আপনার শিশুর শিক্ষা সম্পর্কে কথা বলতে পারেন। উদাহরণস্বরূপ, স্কুলগুলোকে অবশ্যই অভিভাবক সন্মোলন এবং IEP মিটিংগুলোতে অনুবাদ পরিষেবা দিতে হবে। ফ্যামিলি ওয়েলকাম সেন্টারগুলোকে অবশ্যই স্কুলে পিতামাতারা তাদের সন্তানদের নাম নথিভুক্ত করার সময় দোভাষী পরিষেবা দিতে হবে। যখন পিতামাতা স্কুল-সম্পর্কিত প্রশ্নের জন্য কল করবেন তখন সুপারিন্টেন্ডের অফিসে দোভাষী পরিষেবা রাখা আবশ্যিক।

## আমি কিভাবে এইসব পরিষেবা পাব?

আপনাকে আপনার সন্তানের স্কুল বা DOE অফিসে আপনার শিশুর শিক্ষা বিষয়ক তথ্যের জন্য সরাসরি অনুবাদ ও দোভাষীর পরিষেবার অনুরোধ করতে হবে। দোভাষীর পরিষেবার জন্য, DOE-কে ব্যক্তিগতভাবে বা টেলিফোনের মাধ্যমে অনুবাদ প্রদান করতে হবে। সোম থেকে শুক্রবার সকাল 8টা থেকে 3 টা পর্যন্ত ফোন মারফত দোভাষী পরিষেবা উপলব্ধ থাকে।

আপনার শিশুর স্কুলের তরফে 30 দিনের অবশ্যই আপনার মাতৃ ভাষা ও কথা বলার জন্য আপনার সহায়তার প্রয়োজন আছে কিনা তা নির্ধারণ করতে হবে। আপনার শিশুর স্কুলকে অবশ্যই আপনার মাতৃ ভাষার রেকর্ড রাখতে হবে।

সমস্ত স্কুলগুলোকে অবশ্যই পিতামাতার অধিকার ও দায়িত্ব সম্পর্কিত নিয়মের প্রতিলিপি দিতে হবে, যার মধ্যে আপনার অনুবাদ ও দোভাষী অনুবাদ সম্পর্কের অধিকার সম্পর্কে বলা থাকবে। সমস্ত স্কুলকে অবশ্যই অনুবাদ ও দোভাষীর সহায়তার পরিষেবা উপলভ্যতার স্পষ্ট চিহ্ন লাগাতে হবে।

## স্কুল কি জানে যে আমাকে অনুবাদ ও দোভাষীর পরিষেবা প্রদান করতে বাধ্য?

হ্যাঁ! সমস্ত স্কুলে ভাষা প্রবেশাধিকার কোঅর্ডিনেটর আছে যারা স্কুলের কর্মীদেরকে পিতামাতাদের অনুবাদ ও দোভাষীর পরিষেবা পাওয়ার অধিকার সম্পর্কে জানায়।

## আমাকে অনুবাদ ও দোভাষী পরিষেবা প্রদান না করলে আমি কি করবো?

যদি আপনাকে অনুবাদ ও দোভাষী প্রদান না করা হয় বা খারাপ মানের প্রদান করা হয় তাহলে 311 নম্বরে কল করুন বা DOE-এর কমপ্লেন্ট হটলাইনের (718) 935-2013 নম্বরে কল করুন।

### এখনও আরো প্রশ্ন আছে?

### অনুগ্রহ করে জিল চাইফেটজ এডুকেশন হেল্পলাইনে করুন

সোম থেকে বৃহস্পতি • সকাল 10টা থেকে বিকাল 4 টা

1-866-427-6033 (টোল ফ্রি)

এই তথ্য পত্রক আইনি উপদেশ দিচ্ছে না। এই তথ্য পত্রকে AFC-এর মতামত না বলে

নীতি ও আইনের বর্তমান সারাংশ সম্পর্কে বলা আছে। যদি আপনার আইনি সমস্যা থাকে তাহলে দয়া করে আপনার অ্যাটর্নি বা অ্যাডভকেটের

সঙ্গে যোগাযোগ করুন।

Copyright © August 2015 by Advocates for Children of New York, Inc.